

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

তারিখঃ ২৪/০৮/২০১৬ খ্রিঃ।

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.৪৮.১৯৪.১০- ৩৩৯

বিষয়ঃ প্রতিমাসের শেষ কার্যদিবসের পূর্বদিন বিশেষ সংক্ষিপ্ত প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

সূত্রঃ ১। ৩৪.০১.০০০০.০২৮.৪৮.১৯৪.১০-২৮৬, তারিখঃ ১৩/০৭/২০১৬খ্রিঃ।


২। ৩৪.০১.০০০০.০২৮.৪৮.১৯৪.১০-২৯৮, তারিখঃ ২৮/০৭/২০১৬খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রভূক্ত ১নং পত্রের মাধ্যমে চলতি বছরের ঋণ বিতরণ ও খেলাপী আদায়, লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য বিস্তারিত নির্দেশনা প্রদান করা হয়েছে। তারই আলোকে মহাপরিচালক মহোদয়ের সাথে প্রত্যেক জেলার উপ-পরিচালকের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে। সম্পাদিত চুক্তিতে দাঃবিঃওঃঋণ শাখার একটি মাত্র সূচক রয়েছে যা ঋণ সংখ্যা অর্জন।

২। সূত্রোক্ত ২নং সূত্রের পত্রের মাধ্যমে জনভিত্তিক ঋণ বিতরণের পরিমাণ ও ঋণী সংখ্যা সঠিকভাবে নির্ধারণের জন্য ১নং সূত্রের পত্রটিকে অধিকতর স্পষ্টী করা হয়েছে। কর্তৃপক্ষ প্রত্যাশা করে যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে প্রতিটি জেলায় মাস ভিত্তিক অগ্রগতির লক্ষ্যমাত্রা নিরূপন করত উহা অর্জনে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত থাকবে

৩। চুক্তিমাফিক সূচক সমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে প্রতি মাসে দপ্তরে ও মন্ত্রণালয়ে পর্যালোচনাপূর্বক সফলতা ও ব্যর্থতা নিরূপনপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়ে থাকে। সে প্রেক্ষিতে ঋণ কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন (নির্ধারিত ফরমে) প্রদানের পাশাপাশি প্রতি মাসের শেষ কার্যদিবসের পূর্বদিন ছুটি থাকলে তার পূর্ব কার্যদিবসে চলতি মাসের এবং মাস পর্যন্ত অগ্রগতির সংক্ষিপ্ত তথ্য প্রেরণ জরুরী বিধায় সকল জেলার উপ-পরিচালকগণকে নিম্ন ছকে এখন হতে নিয়মিতভাবে মাসের শেষ কর্মদিবসের পূর্বদিনে Email-addydpe@gmail.com বা দাঃবিঃওঃঋণ শাখার ফ্যাক্স নং- ৯৫৬৭৭২১ নম্বরে (ইউনিকোডে টাইপ করে) পাঠাতে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

৪। বিষয়টি বিশেষ জরুরী।



(মোঃ শাহীনুর রহমান)

সহকারী পরিচালক (দাঃবিঃওঃঋণ)

ফোন : ৯৫১৫০১৯।

Email-addydpe@gmail.com

উপ-পরিচালক (সকল)

যুব উন্নয়ন অধিদপ্তর

----- জেলা।

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.৪৮.১৯৪.১০- ৩৩৯

তারিখঃ ২৪/০৮/২০১৬ খ্রিঃ।

অনুলিপি বিতরণঃ

০১। সহকারী পরিচালক (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৩। অফিস কপি/গার্ড নথি।

(মোঃ শাহীনুর রহমান)

সহকারী পরিচালক (দাঃবিঃওঃ ঋণ)

নমুনা ছক

জেলার নামঃ----- মাসের নামঃ----- বছরঃ-----

নং	উপজেলার নাম	বছরের বিতরণ লক্ষ্যমাত্রা		মাসের অর্জন			বছরে এ পর্যন্ত অর্জন		
		টাকা	জন	বিতরণ(টাকা)	ঋণী সংখ্যা	ঋণ সংখ্যা	বিতরণ(টাকা)	ঋণী সংখ্যা	ঋণ সংখ্যা
০১.									
০২.									
মোট									

বিঃদ্রঃ বিতরণ লক্ষ্যমাত্রা ও অর্জন প্রদর্শনের ক্ষেত্রে আত্মকর্ম ও পরিবারভিত্তিক ঋণকে একীভূত করে দেখানো যাবে। এ প্রতিবেদনের তথ্যের সাথে অবশ্যই বিস্তারিত প্রতিবেদনের তথ্যে হুবহু মিল থাকতে হবে।